দৈনিক ইত্তেফাক

তারিখ ... 05 APR 1994 ...
পৃষ্ঠা ... ৮২ ... কলাম ... ৫ ...

33

# পাঁচ মেডিক্যাল কলেজ শিক্ষার্থীদের ধর্মঘটের তৃতীয় দিন অতিবাহিত

মেডিকেল রিপোর্টার ॥ নতুন ৫টি মেডিকেল কলেজে ছাত্র-ছাত্রীদের অবিরাম ধর্মঘটের গতকাল (সোমবার) তৃতীয় দিন অতিবাহিত হয়। ১২ দফা দাবী আদায়ের লক্ষ্যে নতুন ৫টি মেডিকেল কলেজ ছাত্রঐক্য পরিষদের নেতৃবৃন্দ এই কর্মসূচী পালনের সিদ্ধান্ত নেন। গতকাল পর্যন্ত সংশ্লিষ্ট মন্ত্রণালয় হইতে ছাত্র-ছাত্রীদের ধর্মঘট নিরসনের ব্যাপারে কোন উদ্যোগ নেওয়া হয় নাই। গতকাল পরিষদের সদস্য সচিব আরিফ বিল্লাহ আল মাহমুদ এক বিবৃতিতে বলেন, কর্তৃপক্ষ কোন প্রকার সুযোগ-সুবিধা প্রদান ও মেধাবী ছাত্র-ছাত্রীদের ভবিষ্যতের কথা চিন্তা না করিয়া তড়িঘড়ি নতুন ৫টি মেডিকেল কলেজ স্থাপনের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের প্রতি সীমাহীন অবহেলা প্রদর্শন করিতেছেন। মেডিকেল কলেজগুলি প্রতিষ্ঠার পর হইতে শুধু সাইনবোর্ড ব্যতীত আর কোন কাজই কর্তৃপক্ষ করেন নাই বলিয়া তিনি বিবৃতিতে উল্লেখ করেন। কুমিল্লা, ফরিদপুর, বগুড়া, দিনাজপুর ও খুলনা এই নতুন ৫টি মেডিকেল কলেজে ছাত্র-ছাত্রীবা অবিরাম ধর্মঘটের পাশাপাশি কলেজ ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশের আয়োজন করিয়াছে। নেতৃবৃন্দ দাবীসমূহ আদায় না হওয়া পর্যন্ত কর্মসূচী অব্যাহত থাকিবে বলিয়া জানান।